গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, ঢাকা।

<u>সভার কার্যবিবরণী</u>

সভার বিষয় ঃ **ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশনের সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ**

সভাপতি ঃ জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন
কমিশনার, কাস্টম হাউস, ঢাকা।

সভার স্থান ঃ কাস্টম হাউস, ঢাকা এর সম্মেলন কক্ষ।
তারিখ ঃ ২০/০১/২০২০ খ্রিঃ।
সময় ঃ সকাল- ১০.০০ ঘটিকায়।

গত ২০/০১/২০২০ খ্রিঃ তারিখে কমিশনার, কাস্টম হাউস, ঢাকা এর সভাপতিত্বে ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশনের সাথে রাজস্ব আহরণ প্রক্রিয়ায় আরো গতিশীলতা আনয়ণ ও ব্যবসা বন্ধব পরিবেশ সৃষ্টির লক্ষ্যে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আমদানিকৃত পণ্য চালানের সঠিক উপায়ে মূল্য নির্ধারণ, IGM এর করণীক ভূলের বিষয়ে দ্রুততম সময়ে সমাধান, শুল্কায়ন, পরীক্ষন এর বিষয়ে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১। | সকল আমদানিকৃত মালামালের মূল্য কেজি তে নির্ধারণ করে শুল্কায়ন করা এবং সকলের ক্ষেত্রে একই নিয়ম প্রচলন করা। | কাস্টমস এজেন্ট এসোসিয়েশন এর প্রতিনিধি কর্তৃক বলা হয় যে, ফ্রেইট ও কুরিয়ার ইউনিট দিয়ে আমদানিকৃত সকল পণ্যের শুল্কায়নের ক্ষেত্রে একই মূল্য অনুসরণ করতে হবে। কুরিয়ার ও ফ্রেইট ইউনিটের মাধ্যমে আমদানিকৃত একই পণ্যের মূল্য নির্ধারণের ক্ষেত্রে ভিন্নতা পরিলক্ষিত হচ্ছে। এক্ষেত্রে সমতা বিধানের জন্য অনুরোধ জানানো হয়। | Statistical Unit-এ সকল পণ্য চালান শুল্কায়নে একই নীতি অনুসরণ করতে হবে। অর্থাৎ ভিন্ন ভিন্ন গ্রুপ/ইউনিট হতে শুল্কায়ন করা হলেও সমজাতীয় পণ্যের মূল্যে অভিন্নতা নিশ্চিত করতে সকলকে নির্দেশনা দেওয়া হয়। | শুল্কায়ন গ্রুপের কর্মকর্তাগণ |
| ০২। | ইন্টারনেটের ব্যবহার ব্যতিরেকে পণ্য শুল্কায়ন করা। | কাস্টমস এজেন্টস এসোসিয়েশনের পক্ষ হতে বলা হয় যে, কয়েকটি শুল্কায়ন গ্রুপে রেফারেন্স ভ্যালু হিসেবে ইন্টারনেট থেকে ভ্যালু নিয়ে শুল্কায়ন করা হয়। শুল্কায়ন গ্রুপের কর্মকর্তগণ জানান যে, নতুন পণ্যের ক্ষেত্রে যেখানে রেফারেন্স ভ্যালু পাওয়া যায়না সেক্ষেত্রে ইন্টারনেটের সাহায্য নেওয়া হয়। অন্যান্য ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন ও বিধিমালা মেনেই শুল্কায়ন করা হয়। | শুল্ক মূল্যায়ন বিধিমালা, ২০০০ সংশ্লিষ্ট জাতীয় রাজস্ব বোর্ডের স্থায়ী আদেশের আলোকে ও GATT Valuation অনুসরণ করে শুল্কায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে। উক্ত বিধিমালায় বর্ণিত ০৬ (ছয়) টি মূল্যায়ন বিধি যথাযথভাবে অনুসরণ করতে নির্দেশ প্রদান করা হয়। | শুল্কায়ন গ্রুপের কর্মকর্তাগণ |
| ০৩। | Import General Manifest (IGM) এর করণীক ভূলের বিষয়ে দ্রুততম সময়ের মধ্যে সমাধান নিশ্চিতকরণ। | এসোসিয়েশনের প্রতিনিধিগণ কর্তৃক জানানো হয় যে, পণ্য চালান আমদানির ক্ষেত্রে যেই কর্তৃপক্ষ এয়ারওয়ে বিল ইস্যু করেন IGM এর করণীক ভুলের দায় তাদের উপর বর্তায়। কিন্তু কাস্টমস এজেন্টদের এর দায় নিতে হয় বলে জানানো হয়। IGM এর করণীক ক্রটির যেকোন সংশোধন দ্রুততম সময়ের মধ্যে করার জন্য কাস্টমস এজেন্টগণ কর্তৃক অনুরোধ জানানো হয়। | IGM শাখা সংশ্লিষ্ট সকলকে ০১ (এক) কার্যদিবসের মধ্যে IGM এর যেকোন করণীক ক্রটির সংশোধন/নিষ্পত্তি করতে নির্দেশনা প্রদান করা হয় এবং এরূপ সংশোধনের ক্ষেত্রে সেবাগ্রহীতাগণ যাতে কোন প্রকার বিড়ম্বনার শিকার না হন; সেই বিষয়টিও নিশ্চিত করতে সংশ্লিষ্টদেরকে নির্দেশ প্রদান করা হয়। | IGM শাখা ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪। | পণ্যের পূর্বসূত্র মূল্য এবং জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত মূল্যে পণ্য চালানের শুল্কায়ন করা। | এসোসিয়েশনের প্রতিনিধিগণ জানান যে, অন্যান্য কাস্টম হাউস শুল্ক স্টেশনে যেরূপ পূর্বসূত্র মূল্য ও জাতীয় রাজস্ব বোর্ড হতে নির্ধারণকৃত মূল্যে নিয়মিত শুল্কায়ন কার্যক্রম সম্পন্ন করা হয় কাস্টম হাউস, ঢাকাতেও তা যথাযথভাবে পরিপালন করতে হবে। অনেক ক্ষেত্রে ওয়েবসাইট থেকে অস্থায়ী মূল্য নিয়ে তার ভিত্তিতেও শুল্কায়ন করা হয়। এ বিষয়ে গ্রুপসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ জানান যে, শুল্ক মূল্যায়ন বিধিমালা, ২০০০ যথাযথভাবে অনুসরণ করেই পণ্যের মূল্য নির্ধারণ ও শুল্কায়ন কার্যক্রম সম্পন্ন করা হয়। | শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর আলোকে যথাযথভাবে পণ্যে মূল্য নির্ধারণ ও শুল্কায়ন করতে নির্দেশ প্রদান করা হয়। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত ও MIS System এ উল্লিখিত পূর্বসূত্র মূল্য বিবেচনায় নিয়ে পণ্যের মূল্য নির্ধারণ করতে হবে। | শুল্কায়ন গ্রুপের কর্মকর্তাগণ |
| ০৫। | আমদানি নীতি আদেশ অনুযায়ী পণ্যের নমুনা আমদানি নিশ্চিতকরণ। | এল.সি., আই.পি. ইত্যাদি ব্যতিরেকে আমদানি নীতি আদেশ অনুযায়ী সরাসরি ক্রয়ের (Direct Purchase) মাধ্যমে নমুনা হিসেবে পণ্য আমদানি করা হলেও জরিমানা আরোপ করা হয় বলে এসোসিয়েশন এর প্রতিনিধিগণ উদ্বেগ প্রকাশ করেন। অতঃপর এ বিষয়ে জানানো হয় যে, আমদানি নীতি আদেশ ২০১৬-১৮ এর অনুচ্ছেদ ১৩ অনুযায়ী সকল আমদানিকারক, ইনভেন্টর এবং এজেন্ট কর্তৃক ৩,০০,০০০ (তিন লক্ষ) টাকা সীমার মধ্যে নমুনা, বিজ্ঞাপন সামগ্রী আমদানি করা হলে কোন জরিমানা আরোপ করা হয় না। বর্ণিত এসোসিয়েশন হতে আরও জানানো হয় যে, রপ্তানিমুখী তৈরী পোষাক শিল্পের নমুনা হিসেবে আমদানিকৃত পণ্যের মূল্য প্রতি কেজিতে বেশি নির্ধারণ করা হয়; যা গ্রুপ ভ্যালু হতে বেশি। আমদানি নীতি আদেশ অনুযায়ী নমুনা হিসেবে আমদানিকৃত ১০ (দশ) কেজি পর্যন্ত পণ্যের মূল্য গ্রুপ ভ্যালু অনুযায়ী শুল্কায়ন করতে নির্দেশনা প্রদান করা হয়। | (ক) সরাসরি ক্রয়ের মাধ্যমে নমুনা, বিজ্ঞাপন সমগ্রী হিসেবে আমদানিকৃত পণ্য আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ এর অনুচ্ছেদ ১৩ ও সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) ১০ (দশ) কেজি পর্যন্ত আমদানিকৃত নমুনা, বিজ্ঞাপন সামগ্রী শুল্কায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট গ্রুপ ভ্যালু অনুসরণ করে মূল্য নির্ধারণ করতে হবে।<br><br>(গ) আমদানি নীতি আদেশে বর্ণিত ০৩ (তিন) লক্ষ টাকার সীমা অতিক্রম করলে Import Permit (IP), Clearence Permit (CP) দাখিল সাপেক্ষে পণ্যের শুল্কায়ন ও ছাড়করণ করা হবে। | শুল্কায়ন গ্রুপের কর্মকর্তাগণ |
| ০৬। | পণ্যের দ্রুততর খালাসের স্বার্থে রাজস্ব কর্মকর্তা পর্যায়ে জরুরী হিসেবে আমদানিকৃত পণ্যের শুল্কায়ন অনুমোদন। | জরুরী আমদানিকৃত পণ্যের শুল্কায়ন রাজস্ব কর্মকর্তা পর্যায়ে সম্পন্ন করার জন্য এসোসিয়েশন হতে অনুরোধ জানানো হয়। জরুরী আমদানিকৃত পণ্যের শুল্কায়নের জন্য সংশ্লিষ্ট নথি উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হলে অনেক সময় অনিচ্ছাকৃত বিলম্ব হয়। এতে আমদানিতে বিঘ্ন সৃষ্টি হয়। কমিশনার সংশ্লিষ্ট সহকারী কমিশনার ও ডেপুটি কমিশনারদেরকে (প্রযোজ্য ক্ষেত্রে) রাজস্ব কর্মকর্তা পর্যায়ে জরুরী নথি সম্পন্ন করতে নির্দেশ প্রদান করেন। | আইনগত কোন বাধা না থাকলে অতি জরুরী নথি রাজস্ব কর্মকর্তা পর্যায়ে দ্রুত শুল্কায়নের ব্যবস্থা করতে হবে। | শুল্কায়ন গ্রুপের কর্মকর্তাগণ |

০২। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
মোঃ মোয়াজ্জেম হোসেন
কমিশনার
কাস্টম হাউস, ঢাকা

E:\Customs\Nasir\Meeting 20.01.2020.doc

নথি নং-৫-কাস-১২(৪০)নীতি পদ্ধতি/সভা/২০১৮/ ১২৪৭(১৫) তারিখঃ ৫/2/2020

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) ঃ

০১ অতিরিক্ত কমিশনার-০১/০২ কাস্টম হাউস, ঢাকা।
০২ যুগ্ম কমিশনার, কাস্টম হাউস, ঢাকা।
০৩ ইডিপি ম্যানেজার/সহকারী ইডিপি ম্যানেজার, সদর দপ্তর, কাস্টম হাউস, ঢাকা।
০৪ ডেপুটি/ সহকারী কমিশনার, সদর/প্রিভেন্টিভ/এয়ারফ্রেইট ইউনিট/ অপারেশন ম্যানেজার/ কুরিয়ার ইউনিট / রপ্তানী পরীক্ষা/রপ্তানী শুল্কায়ন/ম্যানিফেস্ট/শুল্কায়ন গ্রুপ-১/১(এ),২/২(এ), ৩/৩(এ), /৪ /৪ (এ), /৫, কাস্টম হাউস, ঢাকা।
০৫ সভাপতি, এয়ার লাইন্স অপারেটর কমিটি (এওসি), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
০৬ রাজস্ব কর্মকর্ত (সকল) কাস্টম হাউস, ঢাকা।
০৭ সভাপতি, সি এন্ড এফ এজেন্ট এসোসিয়েশন, ৩/সি, বেইলী রোড, রমনা- ঢাকা।
০৮ সভাপতি, বাংলাদেশ ফ্রেইট ফরোয়ার্ডার্স এসোসিয়েশন, হাউজ নং-৪৫, রোড-বি/সি, ব্লক-ই, বনানী, ঢাকা।
০৯ সভাপতি, এয়ার এক্সপ্রেস কুরিয়ার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
১০ সভাপতি, বিজিএমইএ, ২৩/১, হাতিরঝিল, লিংক রোড. ঢাকা-১২১৫।
১১ সভাপতি, বিকেএমইএ, ২৩৩/১, বঙ্গবন্ধু রোড, প্রেস ক্লাব বিল্ডিং, ২য় ও ৪র্থ তলা, নারায়নগঞ্জ।
১২ পি এ টু কমিশনার, কাস্টম হাউস, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য) ।

০৫/০২/2020

সুরাইয়া সুলতানা
সহকারী কমিশনার
কমিশনারের পক্ষে